



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : ২/৩৫/১৯৫৩/১৯/১৬১৪

তারিখ : ১১/১১/২০২৫

## বিজ্ঞপ্তি

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সভাপতির দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৩৭.০০.০০০০.০০০.০৭২.৪৪.০০০২.২৫.৫৯ তারিখ: ১৫/১১/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যে, মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিট পিটিশন নং-১৬৭৫৭/২০২৫ মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ০৮/০৯/২০২৫ খ্রি: তারিখে জারিকৃত 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন সংক্রান্ত' পরিপত্রটি ০৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হয়েছে।

বিদ্যমান পরিস্থিতিতে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে। সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর অনুচ্ছেদ ৬৯ অনুযায়ী উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তার প্রতিনিধি কর্তৃক সভাপতির দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১১/১১/২৫

মো: শামীম হাসান-১৫৩৮৭

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

ফোন : ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)

প্রাপক:

প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ।

স্মারক নম্বর : .....

অনুলিপি অবশ্যি ও কার্যার্থে:

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ২। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৬। অফিস কপি।

তারিখ : .....

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী